

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০২৪.১৯-৫৬৩০


তারিখঃ ১৪/০১/২০২১ খ্রি:।

বিষয়: ময়মনসিংহ জেলার ফুলপুর পৌরসভার সীমানা সম্প্রসারণ সংক্রান্ত।

সূত্রঃ ০১। ফুলপুর পৌরসভার স্মারক নং-৪৬.৬১০০.০২.০১.১০১.১৯-১৯২; তারিখ: ১৮/০৯/২০১৯ খ্রি:।
০২। ফুলপুর পৌরসভার স্মারক নং-৪৬.৬১০০.০২.০১.১০১.২০২০-১৬৬; তারিখ: ১৪/১০/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রস্থ পত্রদ্বয়ের মাধ্যমে ময়মনসিংহ জেলার ফুলপুর পৌরসভার সীমানা সম্প্রসারণের প্রস্তাব পাওয়া গিয়াছে। ফুলপুর পৌরসভা কর্তৃক সূত্রস্থ ০১নং পত্রের মাধ্যমে দাখিলকৃত সীমানা সম্প্রসারণের উল্লিখিত তফসিলে এবং সূত্রস্থ ০২নং পত্রের মাধ্যমে দাখিলকৃত দাগ খতিয়ানে পার্থক্য পরিলক্ষিত হয়।

এমতাবস্থায়, দাখিলকৃত সূত্রস্থ কোন পত্রের তফসিলের আলোকে সীমানা সম্প্রসারণ প্রয়োজন তার যৌক্তিক ব্যাখ্যাসহ দাগসমূহ ক্লেচ ম্যাপ (ডিজিটাল-এ-৪ সাইজের)-এ উল্লেখপূর্বক পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর বিধি ৩(১) অনুযায়ী জেলা প্রশাসক, ময়মনসিংহ এর মাধ্যমে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৪-০১-২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

ফুলপুর পৌরসভা, ময়মনসিংহ।

অনুলিপি:

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



তাগিদপত্র-০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০৬০.১৯-০০

তারিখঃ ১৩/০১/২০২১

বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে নীলফামারী পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার জন্য নীলফামারী পৌর এলাকায় পৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন (স্থির চিত্রসহ) প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০৬০.১৯-৮২৬, তারিখঃ ১৫/১০/২০২০ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে নীলফামারী পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার জন্য নীলফামারী পৌর এলাকায় পৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ের লক্ষ্যে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন (স্থির চিত্রসহ) প্রেরণের জন্য সূত্রস্থ পত্রের মাধ্যমে মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু চাহিত প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ পত্রের মাধ্যমে চাহিত বর্ণিত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....পাতা।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫১৪১৪২

উপ-পরিচালক

স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়
নীলফামারী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন-১০১, মহাখালী, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩. জেলা প্রশাসক, নীলফামারী (প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. মেয়র, নীলফামারী পৌরসভা, নীলফামারী।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রকল্প পরিচালক, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় দিনাজপুর জেলার বিরামপুর পৌর এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন প্রকল্প, বিরামপুর পৌরসভা, দিনাজপুর।